The New Age

A four-member delegation of Hiroshima University, Japan calls on vice-chancellor of the University of Dhaka Professor ABM Obaidul Islam at the DU on Wednesday. — Press release

Hiroshima Univ delegation calls on DU VC

Staff Correspondent

A FOUR-MEMBER delegation led by Professor Md Moshiur Rahman of Hiroshima University, Japan called on vice-chancellor of the University of Dhaka Professor ABM Obaidul Islam at the DU on Wednesday.

Other team members were Akiko Watanabe, Yuka Iuada and Kokoro Kamitani, said a press release.

During the meeting, they discussed matters of mutual interests, including the possibilities of undertaking joint collaborative academic and research programmes between the DU and the Hiroshima University.

Exchange of teachers, students and researchers between the universities were also discussed in the meeting.

In this regard, they also agreed to sign a memorandum of understanding soon.

Professor ABM Obaidul Islam apprised the guests of a brief history of Dhaka University and its academic and research activities.

He thanked the guests for their visit to Dhaka University and keen interest in its academic and research activities.

আলোকিত বাংলাদেশ

ঢাবি উপাচার্যের সঙ্গে জাপানের প্রতিনিধিদলের সাক্ষাৎ

আলোকিত ডেস্ক : জাপানের হিরোশিমা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. মশিউর রহমানের নেতৃত্বে চার সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলামের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন আকিকো ওয়াতানাবে, ইউকা ইওয়াদা এবং কোকোরো কামিতানি।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের হিরোশিমা বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী এবং গবেষক বিনিময় নিয়ে বৈঠকে আলোচনা করা হয়। এ বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে তারা ঐকমত্য পোষণ করেন। উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অতিথিদের অবহিত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য তিনি অতিথিদের ধন্যবাদ জানান। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

কালের কণ্ঠ

ঢাবিতে ৩ কার্যদিবসের মধ্যে ফাইল উপস্থাপনের নির্দেশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অফিশিয়াল কার্যক্রম আরো গতিশীল ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সব ধরনের নোট বা নথি তিন কার্যদিবসের (৭২ ঘণ্টা) মধ্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে।

বুধবার (২৫ মার্চ) সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এসংক্রান্ত একটি অফিস আদেশ ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের সব অফিস, বিভাগ, ইনস্টিটিউট ও আবাসিক হলে পাঠানো হয়েছে।

অফিস আদেশে বলা হয়, নির্ধারিত সময় অনুযায়ী নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকার জন্য কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা দেওয়া হয়েছে।

পাশাপাশি ছুটি ভোগের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণের বিষয়েও কঠোর নির্দেশ দেওয়া হয়েছে।

The Dhaka Post

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'গণহত্যা দিবস' পালন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৬ মার্চ ২০২৬, ০৯:০৩

১৯৭১ সালের ২৫ মার্চের কালরাত্রির ভয়াল স্মৃতি স্মরণে বুধবার (২৫ মার্চ) ঢাকা বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় 'গণহত্যা দিবস' পালিত হয়েছে।

এ উপলক্ষে সন্ধ্যায় স্মৃতি চিরন্তন চত্বরে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে মোমবাতি প্রজ্বলন ও শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পরবর্তীতে তার সভাপতিত্বে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীসহ বিভিন্ন অনুষদের ডিন, প্রভোস্ট, হল প্রাধ্যক্ষ, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউট পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এ সময় ২৫ মার্চের গণহত্যাকে কেন্দ্র করে একটি প্রামাণ্যচিত্রও প্রদর্শন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম তার বক্তব্যে বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চের গণহত্যা ইতিহাসের নিকৃষ্টতম হত্যাযজ্ঞগুলোর একটি। এ রাতে বিশ্ববিদ্যালয় পরিবারের অসংখ্য সদস্য শহীদ হন। তিনি শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং তাদের রুহের মাগফেরাত কামনা করেন।

তিনি আরও বলেন, এই গণহত্যার মধ্য দিয়েই বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হয় এবং দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী সংগ্রামের পর দেশ স্বাধীনতা অর্জন করে। তবে বৈষম্যহীন সমাজ গঠনের আকাঙ্ক্ষা এখনো পুরোপুরি বাস্তবায়িত হয়নি। ফলে বিভিন্ন সময়ে গণআন্দোলনের মাধ্যমে জনগণ তাদের অধিকার প্রতিষ্ঠার চেষ্টা করেছে।

উপাচার্য আশা প্রকাশ করেন, নতুন সরকারের অধীনে দেশে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আইনের শাসন প্রতিষ্ঠিত হবে এবং একটি বৈষম্যহীন সমাজ গড়ে উঠবে।

আলোচনা সভা শেষে উপাচার্যের নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা জগন্নাথ হলের গণ-সমাধিতে গিয়ে মোমবাতি প্রজ্বলনের মাধ্যমে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এ সময় জগন্নাথ হলের প্রাধ্যক্ষ দেবাশীষ পালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষে রাত ১০টা ৩০ মিনিট থেকে ১০টা ৩১ মিনিট পর্যন্ত জরুরি স্থাপনা ব্যতীত পুরো বিশ্ববিদ্যালয় এলাকায় এক মিনিটের 'ব্ল্যাকআউট' কর্মসূচি পালন করা হয়।

এছাড়া বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিআ'য় শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। অন্যান্য ধর্মীয় উপাসনালয়েও বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

প্রথম আলো

কালরাত স্মরণে কয়েকটি সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে 'আলোর মিছিল'

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়

ইত্তেফাক